

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫০৬৯

৩৬/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১১০. সকালে ঘুম থেকে উঠে যা বলতে হয়

بَابُ مَا يَقُولُ إِذَا أَصْبَحَ

আরবী

ضعيف

বাংলা

০ে৬৯। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সকালে বা সন্ধ্যায় উপনীত হয়ে বলবেঃ "হে আল্লাহ! আমি সকালে উপনীত হয়েছি এবং সাক্ষী রাখি আপনাকে ও আপনার আরশ বহনকারীদেরকে, আপনার ফিরিশতাদেরকে, আপনার সমস্ত সৃষ্টিকে, নিশ্চয়ই আপনি একমাত্র আল্লাহ, আপনি ছাড়া অন্য কোনো ইলাহ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনার বান্দা ও রাসূল" আল্লাহ তার এক-চতুর্থাংশ দেহ জাহান্নামের শাস্তি থেকে মুক্তি দিবেন। আর যে ব্যক্তি তা দু' বার বলবে, আল্লাহ তার শরীরের অর্থেক জাহান্নামের আগুন থেকে মুক্তি দিবেন। আর যে ব্যক্তি তিনবার বলবে আল্লাহ তার শরীরের তিন-চতুর্থাংশ এবং চারবার বললে তার সমস্ত শরীর জাহান্নামের আগুন থেকে মুক্তি দিবেন।[1]

দুর্বল।

English



Narrated Anas ibn Malik:

The Prophet () said: If anyone says in the morning or in the evening: "O Allah! in the morning we call Thee, the bearers of Thy Throne, Thy angels and all Thy creatures to witness that thou art Allah (God) than Whom alone there is no god, and that Muhammad is Thy Servant and Apostle," Allah will emancipate his fourth from Hell; if anyone says twice, Allah will emancipate his half; if anyone says it thrice, Allah will emancipate three-fourth; and if he says four times, Allah will emancipate him from Hell.

ফুটনোট

[1]. সনদে আব্দুর রাহমান বিন আব্দুল মাজীদ রয়েছে। হাফিয বলেনঃ মাজহুল। ইমাম যাহাবী বলেনঃ তাকে চেনা যায়নি। এছাড়া মাকবূল দামেম্বী হাদীসটি আনাস থেকে শুনার ব্যাপারে মতভেদ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন